Phone No : 0381-3562392

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

আজকের ফরিয়াদ
2-6-23

# স্বামীর হাতে ছুরিকাহত তহশীলদারকে দেখতে জিবিতে বর্ণালী গোস্বামী



আজকের ফরিয়াদ স্টাফ রিপোর্টার

১ জুন ঃ ছুরিকাহত তহশিলদার পম্পা দেব কানুনগোকে দেখতে বৃহস্পতিবার আগরতলার জি বি হাসপাতালে ছুটে এলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। তিনি এদিন নিজের প্রতিক্রিয়ায় জানান এই ধরনের ঘটনা অত্যন্ত নিন্দনীয়। সভ্য সমাজে স্ত্রীর উপরে এই ধরনের প্রাণঘাতী হামলার ঘটনা একেবারেই মানা যায় না। অভিযুক্তের কঠোর শাস্তির দাবি করেন তিনি। জানান আহত পম্পা দেব কানুনগোর সঙ্গে শেষ পর্যন্ত মহিলা কমিশন থাকবে। বুধবার বিকেলে ধর্মনগর তহশিল অফিসে কর্মরত অবস্থায় স্বামীর ছুরিকাঘাতে গুরুতর ভাবে জখম হন দেব কানুনগো নামে এক গৃহবধূ। চিকিৎসার জন্য তাকে ধর্মনগর হাসপাতালে নিয়ে গেলে উন্নত চিকিৎসার জন্য তাকে রেফার করা হয় আগরতলা জিবি হাসপাতালে ছুরিকাহত তহশিলদার পম্পা দেব কানুনগোকে দেখতে বৃহস্পতিবার আগরতলার জিবি হাসপাতালে গেলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। এদিন আহত শ্রীমতী কানুনগোর কাছ থেকে তাদের দাম্পত্য সমস্যার সমস্ত তথ্য সংগ্রহ করেন মহিলা কমিশনের চেয়ারপার্সন। প্রসঙ্গত বুধবারেই ছুরিকাহত মহিলাকে ধর্মনগর হাসপাতাল থেকে জিবি হাসপাতালের ট্রমা সেন্টারে রেফার করা হয়েছে। বুধবার বিকেলের দিকে, ধর্মনগরে নিজের অফিসে বসে কাজ করছিলেন পম্পা দেব কানুনগো। সেই সময় এই অফিসে তার স্বামী জুয়েল দত্ত এসে তাদের পারিবারিক বিষয় অর্থাৎ ডিভোর্সের বিষয় নিয়ে পম্পা দেব কানুনগোর সঙ্গে ঝগড়া ঝামেলা বাধিয়ে দেয়। পম্পা দেবীও যথারীতি এই ব্যাপারে জুয়েল দত্তকে পরিষ্কার জানিয়ে দেয়, সে তার মাদকাসক্ত স্বামীর সঙ্গে আর ঘর করতে পারবে না। তার জন্যই সে ডিভোর্স চেয়েছে আদালতের কাছে। সে বক্তব্য জানার পর আরো কিছু হম্বিতম্বি করে পম্পা দেবীকে প্রাণে মারার হুঁশিয়ারি দিয়ে জুয়েল দত্ত অফিস থেকে চলে। পরক্ষনেই সে ফের অফিসে ফিরে এসে শ্রীমতী কানুনগোকে ছুরি দিয়ে মারাত্মক ভাবে আহত করে। ছুরির আঘাত লাগে তার হাতে এবং পেটে। সঙ্গে সঙ্গেই তাকে নিয়ে যাওয়া হয়

এরপর সাতের পৃষ্ঠায়

আটের পাতার পর

## স্বামীর হাতে ছুরিকাহত

ধর্মনগর জেলা হাসপাতালে। পরে সেখান থেকে তাকে পাঠিয়ে দেওয়া হয় আগরতলা জিবি হাসপাতালে ট্রমা সেন্টারে। অপরদিকে পুলিশ গ্রেফতার করে স্বামী জুয়েল দত্তকে। এই খবর জানার পর বৃহস্পতিবার জিবি হাসপাতালে গিয়ে রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী পম্পা দেব কানুনগোর কাছ থেকে, কেন তার উপরে হামলা চালানো হয়েছে সে বিষয়টি বিস্তারিতভাবে অবগত হন এবং পম্পা দেবীর স্বাস্থ্যের খোঁজ খবর নেন। তিনি এদিন এবিষয়ে নিজের প্রতিক্রিয়ায় জানান এই ধরনের ঘটনা অত্যন্ত নিন্দনীয়। সভ্য সমাজে তা একেবারেই মানা যায় না। এই ধরনের ঘটনা যাতে আর না ঘটে তার জন্য রাজ্য মহিলা কমিশন কাজ করে যাচ্ছে। এদিন তিনি জানান অভিযুক্ত স্বামী মাদকাসক্ত। আর নেশার কারনেই সে এই ধরনের ঘটনা ঘটিয়েছে।অভিযুক্তের কঠোর শাস্তির দাবি করেন এদিন বর্ণালী গোস্বামী।তিনি জানান আহত পম্পা দেব কানুনগোর সঙ্গে শেষ লড়াই পর্যন্ত রাজ্য মহিলা কমিশন পাশে থাকবে। এদিকে জানা গেছে, বর্তমানে আহত পম্পা দেবীর স্বামী পুলিশের হেফাজতে রয়েছে ঘটনার তদন্ত চলছে। তবে স্বামী জুয়েল দত্ত পম্পা দেবীর কাছে ক্ষমা প্রার্থনা করে হোয়াটসঅ্যাপে মেসেজ পাঠিয়েছে।এখন দেখার বিষয় এই ঘটনায় অভিযুক্তের কী শাস্তি হয়। সে দিকেই তাকিয়ে রয়েছে বিভিন্ন মহল।

Phone No : 0381-3562392

TRIPURA STATE COMMISSION FOR WOMEN

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. স্যন্দন প্রতিনিধি

Date : 2-6-23

## ছুরিকাহত তহশীলদারকে দেখতে জিবিতে মহিলা কমিশনের চেয়ারপার্সন

**স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ১ জুন।।** তহশীলদারকে ছুরিকাহত করে গুরুতর জখম করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ত্রিপুরা মহিলা কমিশন। উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে কর্মরত তহশীলদারকে অফিসে ঢুকে ছুরিকাহত করে জখম করার ঘটনায় উদ্বিগ্ন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী বৃহস্পতিবার জিবি হাসপাতালে গিয়ে আহত তহশীলদারকে দেখে আসেন। উল্লেখ্য, বুধবার ধর্মনগরে তহশীল অফিসে কর্মরত তহশীলদারকে ছুরি দিয়ে আঘাত করে তার স্বামী। ছুরিকাহত মহিলাকে ধর্মনগর হাসপাতাল থেকে জিবি হাসপাতালে ট্রমা সেন্টারে রেফার করা হয়েছে। বর্তমানে তার চিকিৎসা চলছে এখানে। ঘটনার খবর পেয়ে মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী জিবি হাসপাতালে আসেন এবং মহিলার কাছ থেকে সমস্ত ঘটনা সম্পর্কে অবহিত হন। মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী বলেছেন, বর্তমানে তার স্বামী পুলিশের হেপাজতে রয়েছে। ঘটনার তদন্ত চলছে। মহিলা কমিশন আহত তহশীলদারের সঙ্গে শেষ পর্যন্ত থাকবেন। দোষী যাতে শাস্তি পায় তার ব্যবস্থা গ্রহণ করবেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পুলিশ প্রশাসনের কাছে মহিলা কমিশনের চেয়ারপার্সন দাবি জানিয়েছেন।

Phone No : 0381-3562392

TRIPURA STATE COMMISSION FOR WOMEN

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

বিবর্তন 1-6-23

## ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানদের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা

বিবর্তন প্রতিনিধি, বিলোনীয়া, ৩১ মে।। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভাটি হয় বুধবার দুপুরে দুইটায় বিলোনিয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে এই দিনের আয়োজিত সভার উদ্বোধন করেন মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। সাথে ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত সহ-সভাধিপতি বিভীষণ চন্দ্র দাস সহ অন্যান্য অতিথিরা। এছাড়াও উপস্থিত ছিলেন সমাজকর্মী গৌতম সরকার, দক্ষিণ জেলার আরক্ষা প্রশাসনের আধিকারিক সহ অন্যান্য দপ্তর এবং সামাজিক সংস্থা, আইনজীবী, অঙ্গনওয়াড়ি কর্মী সহ বিভিন্ন সামাজিক সংস্থার প্রতিনিধিগণ। আলোচনা সভায় বিভিন্ন অতিথিদের নিজ নিজ মতামত ব্যক্ত করার পর, উদ্বোধক তথা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী আলোচনা রাখতে গিয়ে বলেন মহিলাদের অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার ও মহিলা কমিশন সদা সচেষ্ট। বাল্যবিবাহ, কন্যা ভ্রুণ হত্যা সহ নারী সংক্রান্ত অপরাধ, নেশার কবর থেকে যুব সমাজকে রক্ষার বিষয়ে সকলকে সচেতন হতে এবং এই ধরনের অপরাধ সমাজ থেকে কিভাবে নির্মূল করা যায় সে বিষয়ে তিনি সকলকে একযোগে এগিয়ে আসার আহ্বান রাখেন।